মেহেরপুরে হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের এ্যাডহক কমিটি ঘোষিত

হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদ মেহেরপুর জেলা শাখার কমিটি নিষ্ক্রিয়তার অভিযোগে বিলুপ্ত ঘোষণা করে শ্রী মাধব চন্দ্র ভাস্করকে আহ্বায়ক ঘোষণা করে ২১ সদস্য বিশিষ্ট এ্যাডহক কমিটি গঠন করা হয়েছে।

১৬ আগষ্ট বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক রানা দাশগুপ্ত স্বাক্ষরিত এক চিঠিতে সংগঠনের গঠনতন্ত্রের ১৩ ধারার অনুবলে বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের মেহেরপুর জেলা শাখার কমিটি বিলুপ্ত ঘোষণা করে ২১ সদস্য বিশিষ্ট নতুন এ্যাডহক কমিটির অনুমোদন দেওয়া হয়েছে। একই সাথে এ্যাডহক কমিটিকে অধস্তন কমিটিগুলোর সম্মেলনের মাধ্যমে কমিটি গঠন সমাপ্ত করে সংগঠনের গঠনতন্ত্র অনুযায়ী আগামী ৯০ দিনের মধ্যে পূর্ণাঙ্গ জেলা সম্মেলন আয়োজন করে ১০১ সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটি গঠন করার নির্দেশ দেওয়া হয়েছে।

রানা দাশগুপ্ত স্বাক্ষরিত হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের মেহেরপুর জেলা শাখার এ্যডহক কমিটিতে আহ্বায়ক হিসেবে মাধব চন্দ্র ভাস্কর ও সদস্য সচিব হিসেবে সুব্রত সাহা বাপ্পা ছাড়াও সদস্য হিসেবে রয়েছেন -এড. সুজন কুমার মন্ডল, অশোক চন্দ্র বিশ্বাস, সুমন মল্লিক টিংকু, অনিল চন্দ্র বিশ্বাস, কার্তিক চন্দ্র মল্লিক, চিত্ত রঞ্জন সাহা, বিশ্বনাথ সাহা, রবীন্দ্রনাথ ভট্টাচার্য, সনজিত পাল বাপ্পি, শংকর দাস, বিকাশ বিশ্বাস, সাথী বিশ্বাস, জয়দেব কুমার সাহা, সুকুমার কর্মকার, জয়ন্ত কুমার সরকার, চন্দনা পাল, দিলীপ মল্লিক, মহাদেব চন্দ্র দাস ও বিশু দাস।

মেহেরপুরের বামনপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে “উঠান বৈঠক অনুষ্ঠিত”

প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন, সবার জন্য মান সম্মত শিক্ষা ও ঝরে পড়া রোধ ও অনিয়মিত বিদ্যালয়ে আসা ছাত্রছাত্রীদের অভিভাবকদের নিয়ে আজ রবিবার সকাল ১০ টার দিকে মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়নের বামনপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় চত্বরে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

গণসাক্ষরতা অভিযানের সহযোগীতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এই অনুষ্ঠানের আয়োজন করে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোছাঃ ফৌজিয়া আফরোজের সভাপতিত্বে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে বক্তব্য রাখেন প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা।

আরো বক্তব্য রাখেন এস.এম.সি সদস্য মোছাঃ চামেলী খাতুন, সহ: শিক্ষকা শামীমা সুলতানা এবং শেফালী খাতুন। এছাড়া অনুষ্ঠানে অভিভাবকগণ সহ, জন প্রতিনিধি, এস এম সি, ও ওয়াচ গ্রুপ সদস্য অভিভাবকগণ উপস্থিত ছিলেন।

সভায় সবার জন্য সমতা ভিত্তিক ও মানসম্মত শিক্ষা নিশ্চিত করা, ঝরে পড়া, বাল্যবিবাহ রোধসহ ছাত্রছাত্রীদের অনিয়মিত বিদ্যালয়ে আসা দুর করতে, নাগরিকতা ও নৈতিক মূল্যবোধ ও অভিভাবকদের দায়িত্ব পালনে এগিয়ে যাওয়া বিষয়ে এস.এম.সি, শিক্ষক, পিটিএ ও ওয়াচ কমিটি একসাথে কাজ করতে পৃথক কর্মসূচী গ্রহন করে।

মেহেরপুরে ভেজাল মবিল উদ্ধার,

মামলা

মেহেরপুর শহরের পুরাতন বাসস্ট্যান্ডের নিমতলায়আর এ পরিবহন কাউন্টারে অভিযান চালিয়ে ৫ কার্টুন ভেজাল বোতলজাত মবিলসহ হেলাল উদ্দিন(৩২) নামের এক যুবককে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)। আটক হেলাল উদ্দিনের বাড়ি মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের খোকসা গ্রামে।

১৯ আগস্ট দিবাগত রবিবার রাত নয়টার দিকে গোপন সংবাদ পেয়ে ডিবি’র ওসি সাইফুল আলমের নেতৃত্বে মেহেরপুর পুরাতন বাসস্ট্যান্ডের নিমতলায় খুলনা থেকে মেহেরপুর রুটে চলাচলকারী আর এ পরিবহনের কাউন্টারে অভিজান চালিয়ে (৫ টিকার্টুন) ১৭৯ বোতল ভেজাল মবিল উদ্ধার করেন।

পরে পণ্যের গুণগতমান পরীক্ষা-নিরীক্ষা করে ভেজাল নিশ্চিতহওয়ার পর আজ রবিবার (২০ আগস্ট) তাকে গ্রেফতার দেখিয়ে একটি মামলা দায়ের করা হয়।

মেহেরপুর গোয়েন্দা পুলিশের অফিসার ইনচার্জ সাইফুলআলম বলেন, ‘ভেজাল মবিল পরিবহন, সংরক্ষণ ও বাজারজাতকরণের অপরাধে হেলাল উদ্দিনের বিরুদ্ধেঅত্যাবশকীয় পণ্য নিয়ন্ত্রণ আইনের ৬ ধারাতে একটি মামলা দায়ের করে আদালতে প্রেরণ করাহয়েছে। হেলাল উদ্দিনের সাথে যদি আর কেউ জড়িত থাকে তবেতাদেরকেও আইনের আওতায় আনা হবে।’

মেহেরপুরে বিসিক ম্যানেজারের মরদেহ উদ্ধার

মেহেরপুরে বিসিকের উপব্যবস্থাপক শামসুজ্জামান মিঠুর মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

আজ রবিবার (২০ আগস্ট) সকাল ৮ টার সময় বিসিক কার্যালয়ের পাশের একটি আম গাছ থেকে ঝুলন্ত অবস্থায় তার মরদেহ উদ্ধার করা হয়।

শামসুজ্জামান মিঠু ঝিনাইদহ জেলার বাসিন্দা।

মেহেরপুর বিসিকের সম্প্রসারণ কর্মকর্তা ফয়সাল হাসনাত বলেন, কি কারণে দুর্ঘটনা এখন পর্যন্ত কিছুই বুঝতে পারছি না।

মেহেরপুর সদর থানার এসআই সঞ্জিব কুমার জানান, বিসিক কর্মকতার্র মরদেহ একটি রশিবাধা অবস্থায় বিসিক ক্ষুদ্র শিল্প এলাকার একটি আম গাছে ঝুলছে এমন সংবাদের ভিত্তিতে ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করা হয়েছে। তবে এটি হত্যা না আত্মহত্যা ময়না তদন্ত শেষে জানা যাবে।

মুজিবনগরে অবৈধভাবে ভারতে যাওয়ার প্রস্ততিকালে যুবক আটক

মুজিবনগর সীমান্ত দিয়ে অবৈধভাবে বাংলাদেশ থেকে ভারতে যাওয়ার সময় রফিকুল ইসলাম (৩২) নামের এক যুবককে আটক করেছে বর্ডারগার্ড বাংলাদেশ (বিজিবি)।

আটক রফিকুল ইসলাম মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের ফেরদৌস আলী ওরফে মেন্তার ছেলে।

আজ শনিবার (১৯ আগস্ট) সকাল ১০ টার দিকে আনন্দবাস গ্রামের গরিসূতা মাঠের আন্তর্জাতিক সীমান্ত পিলার ১০০/৬ এস এর নিকট ৫০ গজ বাংলাদেশের অভ্যন্তর থেকে তাকে ধাওয়া দিয়ে আটক করা হয়।

চুয়াডাঙ্গা ৬ বিজিবি’র ডি কোম্পানীর আনন্দবাস সীমান্ত ফাঁড়ির নায়েক মো: সাইফুজ্জামের নেতৃত্বে বিজিবির একটি টহল দল তাকে আটক করেন।

পাসপোর্ট আদেশ ১৯৭৩ এর ১১(১)(গ) ধারায় অপরাধ করায় তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিতে বিজিবি বাদী হয়ে মুজিবনগর থানায় পাসপোর্ট আইনে একটি মামলা দায়ের করেছেন।

মেহেরপুরে চুরির মামলার ৪ আসামি গ্রেফতার

মেহেরপুর সদর থানা পুলিশের পৃথক দুটি অভিযানে চুরির মামলার ৪ আসামি গ্রেফতার হয়েছে।

গ্রেফতারকৃতরা হলেন, মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর গ্রামের বাঙ্গালপাড়ার মনির উদ্দীনের ছেলে বাবুল হুসাইন (৪১) ও একই গ্রামের যাদখালিপাড়ার আমলেছ খাঁর ছেলে কালু (৩৩)।

আজ শনিবার (১৯ আগস্ট) বিকালের দিকে সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে এই দুই চোরকে গ্রেফতার করেন। এসময় চুরি যাওয়া বিভিন্ন মালামাল উদ্ধার করা হয়েছে।

অপরদিকে দুপুরের দিকে সদর থানার উপপরিদর্শক (এসআই) আব্দুল গাফ্ফার সঙ্গীয় ফোর্সসহ কুতুবপুর গ্রামে অভিযান চালিয়ে ওই গ্রামের বানি আমিনের ছেলে হেলাল হোসেন (৩৭) ও আক্কাছ আলীর ছেলে শামীম রেজাকে গ্রেফতার করেন। তাদের নামে মেহেরপুর সদর থানায় চুরির অভিযোগে মামলা নং ৩৫।

গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে এমএএস ইমনের পথসভা ও গণসংযোগ

মেহেরপুর-১ (সদর-মুজিবনগর) আসনে বাংলাদেশ আওয়ামীলীগের মনোনয়ন প্রত্যাশী মেহেরপুর জেলা আওয়ামীলীগের শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক

সম্পাদক এমএএস ইমন সরকারের উন্নয়ন তুলে ধরতে বুড়িপোতা ইউনিয়নের কয়েকটি গ্রামে সংক্ষিপ্ত পথসভা ও ব্যাপক গণসংযোগ চালিয়েছেন।

এসময় তার সাথে ছিলেন, মেহেরপুর পৌর আওয়ামীলীগের নেতা বেলাল হোসেন, ফরদি হোসেন, আমঝুপি ইউপি সদস্য ছানাউল্লাহ ছানা, বুড়িপোতা ইউপি সদস্য ওসায়েদ হোসেন, ছাত্রলীগ নেতা ইব্রাহিম হোসেনসহ অন্যান্যরা।

গতকাল শুক্রবার সন্ধ্যা থেকে রাত ১০ টা পর্যন্ত বুড়িপোতা ইউনিয়নের বুড়িপোতা, শালিকা ও গুচ্ছগ্রামে ব্যাপক গণসংযোগ চালান। এসময় নৌকার পক্ষে পথে পথে ভোট চান তিনি।

এসময় তিনি বিভিন্ন স্থানে পথসভায় সংক্ষিপ্ত আকারে বক্তব্য রাখেন। পথ সভায় এমএএস ইমন বলেন, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনটি ইতিহাসের সবচেয়ে গুরুত্বপূর্ণ নির্বাচন। বাংলাদেশে চলমান উন্নয়নের ধারা অব্যাহত থাকবে নাকি জঙ্গিবাদদের হাতে যাবে সেটি নির্ধারণ হবে এই নির্বাচনে। এই নির্বাচন সকলের জন্য একটি পরীক্ষা। মাটি ও পতাকাকে ভালোবাসলে নৌকা মার্কায় ভোট দিয়ে শেখ হাসিনাকে পূনরায় ক্ষমতায় আনতে হবে।

মেহেরপুরে জেলা বিএনপির পদযাত্রা অনুষ্ঠিত

বিএনপির চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার মুক্তি ও উন্নত চিকিৎসার দাবিতে মেহেরপুরে জেলা বিএনপির আয়োজনে পদযাত্রা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (১৯ আগস্ট) সকাল সাড়ে দশটার সময় মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে এই পদযাত্রা অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন, সাধারণ সম্পাদক ও সাবেক এমপি আমজাদ হোসেনের নেতৃত্বে পদযাত্রাটি মেহেরপুর শহরের পুরাতন ঈদগাহ ময়দানের কাছ থেকে শুরু করে শহরের

প্রধান প্রধান সড়ক পদক্ষেণ শেষে ছহিউদ্দিন ডিগ্রী কলেজের কাছে গিয়ে শেষ হয়।

পদযাত্রায় অন্যদের মধ্যে জেলা জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, আলমগীর খান ছাতু, জেলা বিএনপির সাংগাঠনিক সম্পাদক জুলফিকার আলী ভূট্টো, সদর উপজেলা বিএনপি’র সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান আমিরুল ইসলাম, সাধারণ সম্পাদক বদর উদ্দীন, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, গাংনী পৌর বিএনপির সভাপতি ও সাবেক গাংনী উপজেলা চেয়ারম্যান মোরাদ হোসেন, গাংনী উপজেলা বিএনপির সাবেক আহবায়ক মো: আব্দুল্লাহ, জেলা যুবদলের সভাপতি জাহিদুর রহমান, মেহেরপুর জেলা কৃষকদলের সভাপতি মাহাবুবুর রহমান মাহবুব, মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হুসাইন, সাবেক ছাত্রনেতা আবু হাসনাত আফরোজ, গাংনী উপজেলা যুবদলের আহবায়ক আব্দুল মালেক চপল বিশ্বাসসহ জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার-৭

মেহেরপুর পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৭ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে চুরির মামলার ৩ আসামি, গাংনী থানা পুলিশের অভিযানে মাদক মামলায় ১ ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলার ৩ আসামি রয়েছে। সংশ্লিষ্ট থানা সূত্র নিশ্চিত করেছেন।

শুক্রবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে সদর, গাংনী ও মুজিবনগর থানার পৃথক টিম বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন।

আজ শনিবার (১৯ আগস্ট) বেলা ১১ টার দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীর চার বারের সাবেক ইউপি সদস্য আমানুল্লাহ মারা গেছেন

গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদের ৩ নং ওয়ার্ডে চারবারের নির্বাচিত সাবেক ইউপি সদস্য ও গ্রাম আওয়ামীলীগের সাবেক সভাপতি মো: আমানুল্লাহ (৫০) হৃদরোগে ক্রিয়া বন্ধ হয়ে মারা গেছেন । (ইন্না লিল্লাহী ওয়া ইন্না এলাহী রাজিউন)।

গতকাল শুক্রবার দিবাগত (১৮ আগস্ট) রাত ৯ টার দিকে নিজ বাড়িতে হৃদরোগে ক্রিয়া বন্ধ হয়ে মারা যান আওয়ামীলীগের এই নেতা। মো: আমানুল্লাহ তেঁতুলবাড়িয়া গ্রামের মৃত রুহুল আমীন বিশ্বাসের ছেলে।

জানা গেছে,আমানুল্লাহ শুক্রবার রাতে বুকে ব্যথা অনুভব করলে পরিবারের লোকজন তাকে হাসপাতালে নেয়ার সময় মারা যান তিনি।

আজ শনিবার (১৯ আগস্ট) সকাল ১০ টার সময় তেঁতুলবাড়িয়া কেন্দ্রীয় কবরস্থানে জানাযা শেষে দাফন করা হয়।

তার জানাযাতে গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক, সাবেক এমপি বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মো: মোখলেছুর রহমান মুকুল, গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক মজিরুল ইসলাম মিয়াসহ আওয়ামীলীগের নেতৃবৃন্দ

উপস্থিত ছিলেন।

মো: আমানুল্লাহর স্ত্রী,২ ছেলে ও ১ মেয়ে, রাজনৈতিক সহচার্যসহ অসংখ্য গুনগ্রাহী রয়েছে।